

তারিখ: ০৩ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ/ ১৮ আগস্ট, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং ২১৭-আইন/আয়কর/২০১৪।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সরকারী সিকিউরিটিজ ব্যতীত অন্য কোন সিকিউরিটিজ লেনদেন হইতে-

(ক) নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত করদাতাগণের অর্জিত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হ্রাসপূর্বক নিম্নরূপে ধার্য করিল, যথা:-

টেবিল

| ক্রমিক<br>নং | করদাতার প্রকৃতি   | আয়করের<br>হার |
|--------------|---|----------------|
| (১)          | (২)   | (৩)            |
| ১            | ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মার্চেন্ট ব্যাংক, বীমা, লিজিং কোম্পানী, পোর্টফোলিও ম্যানেজমেন্ট কোম্পানী, স্টক ডিলার বা স্টক ব্রোকার কোম্পানী এর স্পঙ্গর শেয়ারহোল্ডার বা শেয়ারহোল্ডার ডিরেক্টরদের সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর  | ৫%             |
| ২            | ক্রমিক নং ১ এ বর্ণিত কোম্পানীসমূহের স্পঙ্গর শেয়ারহোল্ডার বা শেয়ারহোল্ডার ডিরেক্টর ব্যতীত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত অন্য কোন কোম্পানীর শেয়ারহোল্ডার যাহাদের সংশ্লিষ্ট আয় বৎসরের যে কোন সময়ে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী বা কোম্পানীসমূহের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক পরিমাণ শেয়ার রহিয়াছে, তাহাদের উক্ত কোম্পানী বা কোম্পানীসমূহের সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর | ৫%             |

;এবং

(খ) দফা (ক) এবং উক্ত Ordinance এর sections 53M এবং 53O তে বর্ণিত করদাতা ব্যতীত অন্যান্য করদাতাদের স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করা হইল।

**ব্যাখ্যা:** এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য সাধনকল্পে 'সিকিউরিটিজ' বলিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সচেঞ্জে লেনদেনযোগ্য এবং তালিকাভুক্ত, সরকারী সিকিউরিটিজ ব্যতীত, সকল কোম্পানী বা প্রতিষ্ঠানের স্টকস, শেয়ার, মিউচুয়াল ফান্ড ইউনিট, বন্ড, ডিবেঞ্চার বা অন্যান্য সিকিউরিটিজকে বুঝাইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
(সৈয়দ মোঃ আমিনুল করিম)  
সচিব (পদাধিকারবলে)

## (আয়কর)

## প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং ১৯৬-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা ০৩ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ১৮ আগষ্ট, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং ২১৭-আইন/আয়কর/২০১৪ রহিতক্রমে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সরকারী সিকিউরিটিজ ব্যতীত অন্য কোন সিকিউরিটিজ লেনদেন হইতে—

(ক) নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত করদাতাগণের অর্জিত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হ্রাসপূর্বক নিম্নরূপে ধার্য করিল, যথা:-

## টেবিল

| ক্রমিক<br>নং | করদাতার প্রকৃতি  | আয়করের<br>হার |
|--------------|--|----------------|
| (১)          | (২)  | (৩)            |
| ১।           | উক্ত Ordinance এর section 2 এর clause (20) এর অধীন কোম্পানী মর্যাদাভুক্ত এবং clause (32) এর অধীন ফার্ম মর্যাদাভুক্ত করদাতার সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর----  | ১০%            |
| ২।           | ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মার্চেন্ট ব্যাংক, বীমা, লিজিং কোম্পানী, পোর্টফোলিও ম্যানেজমেন্ট কোম্পানী, স্টক ডিলার বা স্টক ব্রোকার কোম্পানী এর স্পন্সর শেয়ারহোল্ডার বা শেয়ারহোল্ডার ডিরেক্টরদের সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর---- | ৫%             |

| ক্রমিক<br>নং | করদাতার প্রকৃতি   | আয়করের<br>হার |
|--------------|---|----------------|
| (১)          | (২)   | (৩)            |
| ৩।           | ক্রমিক নং ১ এ বর্ণিত কোম্পানীসমূহের স্পন্সর শেয়ারহোল্ডার বা শেয়ারহোল্ডার ডিরেক্টর ব্যতীত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত অন্য কোন কোম্পানীর শেয়ারহোল্ডার যাহাদের সংশ্লিষ্ট আয় বৎসরের যে কোন সময়ে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী বা কোম্পানীসমূহের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক পরিমাণ শেয়ার রহিয়াছে, তাহাদের উক্ত কোম্পানী বা কোম্পানীসমূহের সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর ----- | ৫% ;এবং        |

(খ) দফা (ক) এবং উক্ত Ordinance এর section 53M এ বর্ণিত করদাতা ব্যতীত অন্যান্য করদাতাদের স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করা হইল।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য সাধনকল্পে 'সিকিউরিটিজ' বলিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সচেঞ্জে লেনদেনযোগ্য এবং তালিকাভুক্ত, সরকারী সিকিউরিটিজ ব্যতীত, সকল কোম্পানী বা প্রতিষ্ঠানের স্টকস, শেয়ার, মিউচুয়াল ফান্ড ইউনিট, বন্ড, ডিবেঞ্চার বা অন্যান্য সিকিউরিটিজকে বুঝাইবে।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ